গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৮.১৯.৯

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: **"পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৭০.১৮/৪৬৩, তারিখ: ০৭/০৩/২০২৩ খ্রি:

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে বাংলাদেশ বিশ্ববিদালয় মঞ্জুরী কমিশন এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন ৪৮০৬০.০০ লক্ষ (চারশত আশি কোটি ষাট লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৮ ডিসেম্বর ২০২২ মেয়াদে "পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর অর্থাৎ জুলাই ২০১৮ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করছি। উল্লেখ্য, আলোচ্য বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন করতে হবে।

**<u>শর্তাবলী:</u>**

(ক) প্রস্তাবিত বর্ধিত মেয়াদ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গতি ও গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্র নিয়মিত সুষ্ঠুভাবে তদারকি করতে হবে :

(খ) প্রকল্প পরিচালক কর্তৃক নির্মাণ সাইটে ঠিকাদার প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, মালামাল ও লোকবলের মবিলাইজেশন ঠিক রাখার ব্যবস্থা করতে হবে এবং এক্ষেত্রে কোন গাফিলতি পরিলক্ষিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধির কারণে ঠিকাদার কর্তৃক কাজের গুণগতমান যাতে ক্ষুণ্ণ না হয় সে বিষয়ে সার্বক্ষণিক সতর্ক থাকতে হবে;

(গ) প্রস্তাবিত বর্ধিত মেয়াদে প্রকল্পের সকল প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। পরবর্তীতে এ প্রকল্পের আর মেয়াদ বৃদ্ধি করা সমীচীন হবে না; এবং

(ঘ) ডিপিপি'তে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী আসবাবপত্র, বৈজ্ঞানিক ও ল্যাবরেটরি যন্ত্রপাতি, বই ও জার্নাল অতি দ্রুত সরবরাহ করতে হবে এবং সনাক্তকরণের লক্ষ্যে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে। প্রকল্পের বিভিন্ন বিভাগের জন্য যে বই ও জার্নাল কেনা হবে সেগুলো মানসম্মত হতে হবে। নিম্নমানের কাগজে অস্পষ্ট ছাপা- এরূপ বই না কেনার পরামর্শ দেওয়া হলো।

(ঙ) প্রতিবেদনের সুপারিশ ক-ঘ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

...

২৮-৩-২০২৩
এস. এম. ইমরুল হাসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫১০০৬১৪
ইমেইল:
planning.sec2@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৮.১৯.৯/১(১১)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):
১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা।
৬) উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) প্রকল্প পরিচালক, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৮-৩-২০২৩
এস. এম. ইমরুল হাসান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)